# হালিশহর ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ

তারিখ : ১৯ শ্রাবণ, ১৪৩৩ / ০৩ আগস্ট, ২০২৬

নোটিশ - ০৯৫/২০২৬

**শিক্ষার্থীদের নামে ইস্যুকৃত আইডি কার্ড সংক্রান্ত নীতিমালা প্রসঙ্গে**

সংশ্লিষ্ট সকলকে অবহিত করা যাচ্ছে যে, অত্র প্রতিষ্ঠানে অধ্যয়নরত কেজি থেকে দ্বাদশ শ্রেণির শিক্ষার্থীদের পরিচয়পত্র বা আইডি কার্ড ইস্যু সংক্রান্ত নীতিমালা নিম্নরূপ:

ক। **কেজি থেকে অষ্টম শ্রেণি**।

(১) কেজি থেকে অষ্টম শ্রেণির শিক্ষার্থীদের প্রতিবছর জানুয়ারি মাসে আইডি কার্ড ইস্যু করা হবে। উক্ত আইডি কার্ডসমূহের মেয়াদ সেই বছর ৩১ ডিসেম্বর পর্যন্ত কার্যকর থাকবে।

(২) নতুন আইডি কার্ড প্রদানের/বার্ষিক পরীক্ষার ফলাফল প্রকাশের সময় কেজি থেকে অষ্টম শ্রেণির শিক্ষার্থীদের নিকট হতে পুরাতন আইডি কার্ডসমূহ শ্রেণি শিক্ষকগণ জমা নিবেন। শ্রেণি শিক্ষকগণ উক্ত কার্ডসমূহ সহকারী প্রধান শিক্ষকের নিকট জমা করবেন। সহকারী প্রধান শিক্ষক শ্রেণি শিক্ষকগণের নিকট হতে প্রাপ্ত শিক্ষার্থীদের আইডি কার্ডসমূহ ধ্বংস করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

খ। **৯ম ও ১০ম শ্রেণি**।

(১) নবম শ্রেণির শিক্ষার্থীদের জন্য জানুয়ারি মাসে আইডি কার্ড ইস্যু করতে হবে। যা নবম ও দশম শ্রেণিতে ব্যবহৃত হবে। উক্ত আইডি কার্ডসমূহের মেয়াদ হবে (SSC) এসএসসি পরীক্ষা পর্যন্ত।

(২) নবম ও দশম শ্রেণির শিক্ষার্থীদেরকে ইস্যুকৃত আইডি কার্ডসমূহ এসএসসি পরীক্ষা শেষে একাডেমিক ট্রান্সক্রিপ্ট গ্রহণের সময় মেইন অফিস কর্তৃক জমা নেয়া হবে এবং পরবর্তীতে মেইন অফিস শিক্ষার্থীদের উক্ত আইডি কার্ডসমূহ ধ্বংস করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

গ। **একাদশ-দ্বাদশ শ্রেণি**।

(১) শিক্ষাবর্ষের শুরুতে (১মাসের মধ্যে) একাদশ শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থীদের আইডি কার্ড ইস্যু করা হবে যার মেয়াদ হবে এইচএসসি (HSC) পরীক্ষা পর্যন্ত।

(২) একাদশ ও দ্বাদশ শ্রেণির শিক্ষার্থীদেরকে ইস্যুকৃত আইডি কার্ডসমূহ এইচএসসি পরীক্ষা শেষে একাডেমিক ট্রান্সক্রিপ্ট গ্রহণের সময় শিক্ষার্থীরা মেইন অফিসে জমা করতে হবে এবং পরবর্তীতে মেইন অফিস উক্ত আইডি কার্ডসমূহ ধ্বংস করার ব্যবস্থা গ্রহণ করবে।

ঘ। **বিবিধ**।

(১) শিক্ষার্থীদের আইডি কার্ড দায়িত্বপ্রাপ্ত কমিটির মাধ্যমে শ্রেণি শিক্ষকের সহায়তায় প্রস্তুত ও ইস্যু করা হবে।

(২) কোন শিক্ষার্থীর আইডি কার্ড নষ্ট হয়ে গেলে বা হারিয়ে গেলে শ্রেণি শিক্ষক বরাবর আবেদন করতে হবে।

(৩) শ্রেণি শিক্ষক যৌক্তিক সুপারিশসহ আবেদনপত্রটি প্রতিষ্ঠানের প্রধান অফিসে জমা করবেন। হিসাব শাখা আইডি কার্ড বাবদ ৩০০/- টাকা (তিনশত টাকা) আদায় করতঃ প্রস্তুতকৃত আইডি কার্ডটি শ্রেণি শিক্ষকের মাধ্যমে অভিভাবককে হস্তান্তর করবেন।

কর্তৃপক্ষ
০৬/০৮/২৬

06/08/2026

**Copy to :**

01. Classroom School
02. Classroom College
05. Notice board-1
06. Notice board-2
09. Admin office
10. Others

E:\VP-PC\2026\Notice 2026.doc

CamScanner